**মঞ্জুরি নং-৪৯**

# ১৫২ - নৌ পরিবহন মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | | | |
| উন্নয়ন ব্যয় | | | |
| **মোট** | | | |
| | | | |
| আবর্তক | | | |
| মূলধন | | | |
| আর্থিক সম্পদ | | | |
| দায় | | | |
| **মোট** | | | |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

সমুদ্র, নৌ ও স্থল বন্দরসমূহের আধুনিকায়ন, নৌপথের নাব্যতা সংরক্ষণ, মেরিটাইম সেক্টরে দক্ষ জনবল সৃষ্টির মাধ্যমে নিরাপদ যাত্রী ও পণ্য পরিবহন নিশ্চিতকরণ, কর্মসংস্থান সৃষ্টি এবং বৈদেশিক বাণিজ্য সম্প্রসারণ।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ নদী বন্দর, সমুদ্র বন্দর ও স্থল বন্দরসমূহের আধুনিক ব্যবস্থাপনা, উন্নয়ন ও সংরক্ষণ;

১.২.২ অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌপথের নাব্যতা উন্নয়ন ও সংরক্ষণ, বাতিঘর স্থাপন ও বয়াবাতি ব্যবস্থাপনা;

১.২.৩ মেরিটাইম এবং বন্দর সম্পর্কিত আইন ও বিধি বিধান প্রণয়ন, প্রয়োগ এবং হালনাগাদকরণ;

১.২.৪ মেরিটাইম শিক্ষা ও প্রশিক্ষণ ও নাবিক কল্যাণ;

১.২.৫ অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌপরিবহন ও নিরাপদ নৌচলাচল নিশ্চিতকরণ;

১.২.৬ যান্ত্রিক নৌযান ব্যবস্থাপনা, সার্ভে ও রেজিস্ট্রেশন;

১.২.৭ বাংলাদেশের জলসীমায় ও অভ্যন্তরীণ নৌপথে জলযানসৃষ্ট দূষণ নিয়ন্ত্রণ; এবং

১.২.৮ নৌচলাচল ও নৌবাণিজ্য সম্পর্কিত দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক বিষয়াদি।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. সমুদ্রবন্দর ও স্থল বন্দরসমূহের অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়নের মাধ্যমে দক্ষতা ও সেবার | • কর্ণফুলী নদীর চ্যানেলে সংরক্ষণ ড্রেজিং এর মাধ্যমে জেটিতে অধিক ড্রাফট ও দৈর্ঘ্যের জাহাজ ভিড়ানো;<br>• বন্দরের কন্টেইনার ধারণ ক্ষমতা ও হ্যান্ডলিং বৃদ্ধি;<br>• চট্টগ্রাম বন্দরের বিভিন্ন ইয়ার্ড এবং টার্মিনালের জন্য ১০৪ টি | • চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| মান বৃদ্ধি | ইক্যুইপমেন্ট সংগ্রহ;<br>• বিশ্ব ব্যাংকের অর্থায়নে বে-টার্মিনালের Breakwater Navigational and Access Channel ড্রেজিং এর Detail Design প্রণয়ন;<br>• পশ্চাদ সুবিধাসহ হেভি লিফট কার্গো জেটি নির্মাণ; এবং<br>• মাতারবাড়ী গভীর সমুদ্র বন্দর স্থাপন। | |
| | • মোংলা বন্দর চ্যানেলে ক্যাপিটাল ও সংরক্ষণ ড্রেজিং;<br>• মোংলা বন্দরের জন্য সহায়ক জলযান সংগ্রহ;<br>• অবকাঠামো উন্নয়ন (আপগ্রেডেশন এবং মোংলা বন্দরের সম্প্রসারণ ও আধুনিকায়ন);<br>• মোংলা বন্দরের জন্য ১টি ট্রেলিং সাকশান হপার ড্রেজার, ২টি ২৮" কাটার সাকশান ড্রেজার সংগ্রহ; এবং<br>• মোংলা বন্দরের জন্য ২টি মুরিং বোট সংগ্রহ। | • মোংলা বন্দর কর্তৃপক্ষ |
| | • একটি পূর্ণাঙ্গ বন্দর হিসেবে পায়রা বন্দরের কার্যক্রম চালুকরণ;<br>• কর্মকর্তা/কর্মচারীদের আবাসন ও অন্যান্য সুবিধা নিশ্চিতকরণ;<br>• বন্দরের সক্ষমতা বৃদ্ধি; এবং<br>• চ্যানেলের নাব্যতা বজায় রাখা। | • পায়রা বন্দর কর্তৃপক্ষ |
| | • স্থলবন্দরের ভৌত অবকাঠামো উন্নয়ন, আধুনিকীকরণ ও ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধি। | • বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ |
| ২. সমুদ্র পরিবহন ব্যবস্থার সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণ | • পণ্য পরিবহনে সক্ষমতা বৃদ্ধি। | • বাংলাদেশ শিপিং কর্পোরেশন |
| | • নৌযান পরিদর্শন ও নৌ আইনসমূহ প্রয়োগের মাধ্যমে নৌচলাচলে নিরাপত্তা নিশ্চিতকরণ;<br>• অভ্যন্তরীণ ও সমুদ্রগামী জাহাজের অফিসার ও নাবিকদের দক্ষতা উন্নয়ন ও সনদ প্রদান, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং এস.আই.ডি (Seafarer's Identity Document) কার্যক্রম বাস্তবায়ন; এবং<br>• সমুদ্রগামী মেরিনারদের আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদান। | নৌপরিবহন অধিদপ্তর |
| | • আন্তর্জাতিক নৌসংস্থা STCW-১৯৭৮ এবং সংশোধিত কনভেনশনের আলোকে প্রি-সী এবং পোস্ট-সী প্রশিক্ষণার্থীদের আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদান; এবং<br>• প্রশিক্ষণের সামগ্রিক মান উন্নয়ন। | • ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট |
| | • নাবিকদের কল্যাণে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন। | • নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৩. অভ্যন্তরীণ নৌপথের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ এবং নৌপরিবহন ব্যবস্থার সম্প্রসারণ | • অভ্যন্তরীণ নৌপথের নাব্যতা উন্নয়ন ও সংরক্ষণে ক্যাপিটাল ও সংরক্ষণ ড্রেজিং;<br>• নদীবন্দর ও ঘাটসমূহের উন্নয়ন;<br>• অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথসমূহের হাইড্রোগ্রাফিক জরিপ কার্যক্রম সম্পাদন;<br>• ড্রেজার ও ড্রেজার সংশ্লিষ্ট আনুষঙ্গিক জলযান সংগ্রহ;<br>• অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী নৌ-যানের ডেক ও ইঞ্জিন কর্মীর দক্ষতা উন্নয়ন;<br>• অভ্যন্তরীণ নৌ-পথে নৌসহায়ক সামগ্রী যেমন মার্কা, বয়া, বাতি, পিসি পোল ইত্যাদি স্থাপন;<br>• ঢাকার চারপাশের ৪টি নদীতে ওয়াকওয়ে, জেটি ও আরসিসি সিড়ি নির্মাণ;<br>• চিলমারী এলাকায় (রমনা, জোড়গাছ, রাজিবপুর, রৌমারী, নয়ারহাট) নদী বন্দর নির্মাণ;<br>• নারায়ণগঞ্জের খানপুরে অভ্যন্তরীণ কন্টেইনার এবং বাল্ক টার্মিনাল নির্মাণ;<br>• চট্টগ্রামের মিরসরাই ও সন্দ্বীপ, কক্সবাজারের সোনাদিয়া দ্বীপ ও টেকনাফ (সাবরাং ও জালিয়ার দ্বীপ) অংশের জেটিসহ আনুষাঙ্গিক স্থাপনাদি নির্মাণ;<br>• বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নাধীন BRWTP-১ প্রকল্পের আওতায় ১টি মাল্টিপারপাস ইন্সপেকশন ভেসেল সংগ্রহ, ২টি কার্গো টার্মিনাল নির্মাণ, ৩টি প্যাসেঞ্জার টার্মিনাল আধুনিকায়ন ও ৪টি লঞ্চঘাট আধুনিকায়ন;<br>• নৌ-প্রটোকল রুটে মালবাহী জাহাজ চলাচলে ভয়েজ অনুমতি প্রদান ও অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী যাত্রীবাহী নৌযানের রুট পারমিট প্রদান; এবং<br>• অবৈধ দখল রোধে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা। | • বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) |
| | • নৌযান নির্মাণ/পুনর্বাসন;<br>• নৌ-পথে যাত্রীবাহী নৌযান চলাচল ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকায়ন;<br>• অভ্যন্তরীণ ও উপকূলীয় এলাকায় নতুন ফেরি ও যাত্রীবাহী নৌযান সার্ভিস চালুর পদক্ষেপ গ্রহণ;<br>• যাত্রীবাহী নৌযানগুলো পর্যটন খাতে ব্যবহার;<br>• নৌযান সমূহ মেরামতের সক্ষমতা বৃদ্ধি;<br>• স্থাবর সম্পত্তির উন্নয়ন;<br>• নৌপথে কার্গো ও কন্টেইনার পরিবহন; | • বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্পোরেশন (বিআইডব্লিউটিসি) |

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | • সেবা প্রদান ব্যবস্থাপনার উন্নয়ন; এবং<br>• প্রশিক্ষণ প্রদান। | |
| | • নদী দখল ও দূষণ রোধে পরিদর্শন ও পরিবীক্ষণ; এবং<br>• নদী দখল ও দূষণ রোধে বিভাগীয়, জেলা ও উপজেলা নদী রক্ষা কমিটির সমন্বয়ে জনসচেতনতা সৃষ্টি। | • জাতীয় নদী রক্ষা কমিশন |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ সমুদ্রবন্দর ও স্থল বন্দরসমূহের অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়নের মাধ্যমে দক্ষতা ও সেবার মান বৃদ্ধি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** দারিদ্র্য নিরসনে এ মন্ত্রণালয়ের সরাসরি কোন কার্যক্রম না থাকলেও পরোক্ষভাবে দারিদ্র্য নিরসনে যথেষ্ট ভূমিকা পালন করছে। চট্টগ্রাম, মোংলা ও পায়রা বন্দরের বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে দেশের দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান হচ্ছে। দেশের প্রধান রপ্তানী খাত তৈরী পোষাক শিল্পকে চট্টগ্রাম বন্দর সেবা প্রদানের মাধ্যমে বিশেষ অবদান রাখছে। সাম্প্রতিককালে সরাসরি ইউরোপের সাথে জাহাজ চলাচল শুরু হয়েছে যা দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। মোংলা বন্দরের সার্বিক সক্ষমতা বৃদ্ধির ফলে দেশের আমদানি-রপ্তানি বাণিজ্যে ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হচ্ছে। তাছাড়া, বন্দরের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট শিপিং এজেন্ট, সিএন্ডএফ এজেন্ট, স্টিভেডরিং এবং শ্রমিক শ্রেণির জনগোষ্ঠীর স্থায়ী ও অস্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ফলে সার্বিক দারিদ্র্য হ্রাস পাচ্ছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন বন্দরের কার্যক্রমে পুরুষের পাশাপাশি নারীরা সমভাবে কাজ করছে। বন্দরের হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠানসহ প্রশাসনিক কাজে তাদের সম অংশগ্রহণ রয়েছে। বন্দরের কর্মরত নারী কর্মচারীগণের কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে পৃথক নামাজের স্থান, উন্নত স্যানিটেশন ব্যবস্থা, মহিলাদের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের জন্য লেডি মেডিকেল চিকিৎসক নিয়োগ, যাতায়াতের জন্য গাড়িতে আসনের ব্যবস্থা, নিরাপদ পানীয় জল ইত্যাদি নিশ্চিতকরণের মাধ্যমে বন্দরসমূহ নারী উন্নয়নে ভূমিকা রাখছে। তাছাড়া উন্নত বন্দর সেবা প্রদানের মাধ্যমে তৈরী পোষাক শিল্প সম্প্রসারণের ফলে পরোক্ষভাবে নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** সমুদ্রমুখী কার্গো ও কন্টেইনার হ্যান্ডলিং ইক্যুইপমেন্টসমূহে ইমিশন কন্ট্রোল সিস্টেম প্রবর্তন করা হয়েছে। বিভিন্ন বন্দরে চলাচলকারী সমুদ্রগামী জাহাজ, বাল্ক কার্গো, কন্টেইনার, ট্যাংকার ও অন্যান্য জলযান হতে বন্দর ও সমুদ্র এলাকায় নিঃসৃত তেল অপসারণের জন্য বন্দরসমূহে তেল অপসারণকারী জলযান রয়েছে। অভ্যন্তরীণ রুটে বিআইডব্লিউটিএ (BIWTA) দেশের নদ-নদী ও খালসমূহ অনবরত খনন করে পলি অপসারণ করে নদীর গতিপ্রবাহকে স্বাভাবিক রাখাসহ খরা ও বন্যার হাত থেকে রক্ষা করতে দেশে ভরাট হওয়া নদ-নদী, খাল-বিল, হাওড় ও জলাশয়সমূহ খনন করেছে। তীর রক্ষাকারী বাঁধ নির্মাণ করে নদীর দুই তীরে বৃক্ষরোপণ করা হয়েছে।

#### ৩.১.২ সমুদ্র পরিবহন ব্যবস্থার সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** সমুদ্র পরিবহন ব্যবস্থার উন্নয়ন এবং এ খাতে দক্ষ জনবল গড়ে তোলার বিভিন্ন পদক্ষেপ গ্রহণের ফলে দেশের প্রান্তিক জনগোষ্ঠী সরাসরি উপকৃত হচ্ছে। এতে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটছে। এছাড়া, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটে আগ্রহী তরুণ/যুবারা প্রতিনিয়ত মেরিটাইম প্রশিক্ষণ গ্রহণ করায় দেশে ও বিদেশে তাদের নতুন কর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টি হচ্ছে, ফলে বৈদেশিক মুদ্রা অর্জনের সম্ভাবনা বাড়ছে। কর্মসংস্থান ও পরিবহন ব্যবস্থা সহজতর হওয়ায় তা দেশের দরিদ্র্য জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে বিশেষ অবদান রাখছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** মেরিটাইম সেক্টরে পুরুষের পাশাপাশি নারীর অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা হয়েছে। মেরিন একাডেমিতে প্রতিবছর পুরুষের পাশাপাশি নারী ক্যাডেট নিয়োগ করা হচ্ছে। ২০১২ থেকে ২০২২ সাল পর্যন্ত ৯৪ জন নারী ক্যাডেট প্রি-সী প্রশিক্ষণ সমাপ্ত করেছে। নারী ক্যাডেটরা প্রশিক্ষণ গ্রহণ শেষে আন্তর্জাতিক সমুদ্রগামী বাণিজ্যিক জাহাজে দক্ষতার সাথে দায়িত্ব পালন করছে। বিএসসির বিভিন্ন জাহাজে ইতোমধ্যে ৭৭ জন মহিলা ক্যাডেটকে Sea Time Training প্রদান করা হয়েছে এবং বর্তমানে Sea Time Training সম্পন্নকারি ০৭ জন মহিলা অফিসার জাহাজের বিভিন্ন পদে নিয়োজিত রয়েছে। মেরিটাইম সেক্টরে পুরুষের পাশাপাশি নারীদের সক্রিয় অংশগ্রহণের ফলে কর্মক্ষেত্রে লিঙ্গ সমতা সৃষ্টি হয়েছে ও নারী উন্নয়নে ব্যাপক প্রভাব ফেলেছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** সমুদ্র দূষণের জন্য অনেকাংশেই সামুদ্রিক জাহাজ দায়ী। বিভিন্ন মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থীদের সামুদ্রিক মাছ, জলজ প্রাণী ও পরিবেশ দূষণ প্রতিরোধের উপর বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষিত ক্যাডেট ও রেটিংরা জাহাজের মাধ্যমে যাতে সামুদ্রিক মাছ ও অন্যান্য জলজ প্রাণীর ক্ষতি না হয় এবং সাগরের পানি যাতে দূষিত না হয় সেদিকে সচেষ্ট থাকেন। ক্যাডেট ও রেটিংদের এ ভূমিকায় জলবায়ু অভিযোজন ও প্রশমনে এবং ব্লু-ইকোনোমিতে গুরুত্বপূর্ণ অবদান রাখে।

### ৩.১.৩ অভ্যন্তরীণ নৌ-পথের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ এবং নৌ-পরিবহন ব্যবস্থার সম্প্রসারণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** দেশের অভ্যন্তরে বিভিন্ন স্থানে নৌবন্দর, লঞ্চঘাট, ফেরী টার্মিনাল ও ল্যান্ডিং স্টেশন সুবিধাদি নির্মিত হয়েছে। বিদ্যমান সুবিধাদি উন্নয়নের মাধ্যমে দেশের প্রায় এক তৃতীয়াংশ মালামাল এবং এক চতুর্থাংশ যাত্রী নৌপথে স্বল্প মূল্যে ও স্বল্প সময়ে পরিবহন করা হয়। সময় এবং পরিবহন ব্যয় কম হওয়ায় সার্বিক ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটেছে যা দারিদ্র্য দূরীকরণে ইতিবাচক প্রভাব ফেলছে। নৌপথে পরিবহন ব্যয় সড়ক ও রেলপথের তুলনায় অনেক কম বিধায় দরিদ্র জনগোষ্ঠি স্বল্প মূল্যে এ পরিবহন সেবা পাচ্ছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** অভ্যন্তরীণ নৌপথে নৌচলাচল সুগম, সহজ ও নিরাপদ হওয়ায় নারীদের শ্রম বাজারে প্রবেশ সহজ হয়েছে। নৌপথে পরিবহন ব্যয় অন্যান্য মাধ্যমের চেয়ে তুলনামূলকভাবে কম, তাই অভ্যন্তরীণ নৌপথে নারীদের চলাচল বৃদ্ধি পেয়েছে। তাছাড়া ফেরী ও যাত্রীবাহী নৌযানে নারী যাত্রীদের জন্য পৃথক সংরক্ষিত আসন, চাইল্ড ফিডিং কর্ণার ইত্যাদি সুবিধাদি নিশ্চিত করা হয়েছে। এর ফলে নারীদের নৌপথে স্বাচ্ছন্দে চলাচল নিশ্চিত হয়েছে এবং নারীদের আয়বর্ধক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পেয়েছে।

**জলবায়ু অভিযোজন ও প্রশমনের উপর প্রভাব:** বিআইডব্লিউটিএ দেশের নদ নদী ও খালসমূহ অনবরত খনন করে পলি অপসারণ করে নদীর গতিপ্রবাহকে স্বাভাবিক রাখছে। নদীর দুই তীরে তীর রক্ষাকারী বাঁধ নির্মাণ করে বৃক্ষ রোপণ করেছে। জনসাধারণের হাঁটার জন্য দুই পাড়ে ওয়াকওয়ে ও বিনোদনের জন্য ইকোপার্ক নির্মাণ করেছে। তাছাড়া বাংলাদেশকে খরা ও বন্যার হাত থেকে রক্ষা করতে দেশে ভরাট হওয়া নদ-নদী, খাল-বিল, হাওড় ও জলাশয়সমূহ খনন করেছে। এ কার্যক্রম জলবায়ু অভিযোজন ও প্রশমনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | | | |
| নারী উন্নয়ন | | | |
| জলবায়ু পরিবর্তন | | | |

## ৪.১ অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. সমুদ্র বন্দরসমূহের আধুনিকায়ন এবং সমুদ্র পরিবহন ব্যবস্থাপনার উন্নয়ন**<br>সমুদ্রবন্দর সমূহের আধুনিকায়ন এবং সমুদ্র পরিবহন ব্যবস্থার উন্নয়নের জন্য বন্দর চ্যানেলে ক্যাপিটাল ও সংরক্ষণ ড্রেজিং, কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং যন্ত্রপাতি সংগ্রহ, নতুন ইয়ার্ড ও জেটি নির্মাণ, টাগবোট ও পাইলট বোট সংগ্রহ করা এবং বর্জ্য ও নিঃসৃত তেল অপসারণ ব্যবস্থাপনা। | • সমুদ্রবন্দর ও স্থলবন্দরসমূহের অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়নের মাধ্যমে দক্ষতা ও সেবার মান বৃদ্ধি |
| **২. স্থলবন্দরসমূহের অবকাঠামো উন্নয়ন**<br>বেনাপোল, ভোমরা, বুড়িমারী, তামাবিল, বাল্লা, বিলোনিয়া, গোবরাকুড়া-কড়াইতলী, ধানুয়া-কামালপুর, রামগড়, শেওলা, আখাউড়া, দর্শনা ও ভোলাগঞ্জ স্থলবন্দরের অবকাঠামোগত সুবিধা উন্নয়ন ও আধুনিকীকরণ। সেই সাথে স্থলবন্দরের ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধি। | • স্থলবন্দরসমূহের অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়নের মাধ্যমে দক্ষতা ও সেবার মান বৃদ্ধি |
| **৩. মেরিটাইম সেক্টরে মানব সম্পদ উন্নয়ন**<br>ক্যাডেট প্রশিক্ষণ আরও উন্নতকরণের লক্ষ্যে অবকাঠামোগত পূনর্গঠনের মাধ্যমে মেরিন একাডেমি আধুনিকীকরণ শীর্ষক প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন, প্রশিক্ষণ যন্ত্রপাতি ও আনুষাঙ্গিক উপকরণ সংগ্রহ। বিশ্ববাজারে মেরিটাইম সেক্টরে দক্ষ জনবলের চাহিদা থাকায় আন্তর্জাতিক পরিমন্ডলে একাডেমির প্রশিক্ষণের মানকে আরও উন্নীত করার লক্ষ্যে World Maritime University'র অধীনে এমএস চালু করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | • সমুদ্র পরিবহন ব্যবস্থার সার্বিক উন্নয়ন ও সম্প্রসারণ |
| **৪. অভ্যন্তরীণ নৌপথ এবং গুরুত্বপূর্ণ চ্যানেলসমূহের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ**<br>নদীমাতৃক বাংলাদেশে যাত্রী ও পণ্য পরিবহণের জন্য দেশব্যাপী বিদ্যমান নৌ-পথের বিশাল নেটওয়ার্ক সচল রাখা এবং শুষ্ক মৌসুমে অভ্যন্তরীণ নৌ-পথ এবং বন্দর চ্যানেলের নিরাপত্তা ও নিরবচ্ছিন্ন পরিবহন সেবা অব্যাহত রাখার লক্ষ্যে ঢাকা-চট্টগ্রাম, মংলা-ঘাষিয়াখালী, শিমুলিয়া-মাওয়া ও পাটুরিয়া-দৌলতদিয়া সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ নৌপথের নাব্যতা নিশ্চিতকরণ। | • অভ্যন্তরীণ নৌপথের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ এবং নৌপরিবহন ব্যবস্থার সম্প্রসারণ |
| **৫. নৌপরিবহনের জন্য প্রয়োজনীয় ভৌত সুবিধাদির রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন**<br>নদী বন্দর ও নৌপথ উন্নয়ন এবং উন্নত ও আধুনিক জলযানের মাধ্যমে অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌপথে স্বল্প ব্যয়ে দ্রুত ও নিরাপদ পরিবহন সেবা নিশ্চিত করা, নৌযান নির্মাণ/সংগ্রহ/পুনর্বাসন ও অবকাঠামো উন্নয়ন। | • অভ্যন্তরীণ নৌপথের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ এবং নৌপরিবহন ব্যবস্থার সম্প্রসারণ |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | | | | | |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | | | | | | |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. কন্টেইনার হ্যান্ডলিং | ১ | *টিইইউএস (হাজার) | ৩০৩০.০০ | | ৩২৩১.০০ | | ৩৩৩২.৫০ | ৩৬১০.০০ | |
| ২. কার্গো হ্যান্ডলিং | ১ | লক্ষ মে.টন | ১১৪৫.০০ | | ১১৮০.০০ | | ১২০৫.০০ | ১২৩০.০০ | |
| ৩. মেরিটাইম সেক্টরে দক্ষ জনবল সৃষ্টি | ২ | সংখ্যা | ১৮০০ | | ১৮৫০ | | ১৯০০ | ১৯৫০ | |
| ৪. পলি অপসারনের মাধ্যমে নৌপথের নাব্যতা বৃদ্ধি | ৩ | কি.মি. | ৭০ | | ১০০ | | ১৫০ | ১৬০ | |
| ৫. ফেরীর মাধ্যমে যানবাহন পারাপারের সংখ্যা বৃদ্ধি | ৩ | সংখ্যা (লক্ষ) | ১৬.৩০ | | ১৭.১১ | | ১৭.৮০ | ১৭.৯০ | |

* T.E.U.s = Twenty Equivalent Units ** Per ton-Per k.m. = Ton k.m.

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

**৬.১.১ সাম্প্রতিক অর্জন:** নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সমুদ্র বন্দর সমূহে বিগত ০৩ (তিন) অর্থবছরে কার্গো হ্যান্ডলিং যথাক্রমে ৩.৯১%, ০.১০%, এবং ৪.১৮% ও জাহাজ হ্যান্ডলিং যথাক্রমে ৪.১৬% ও ০.৫২% হারে বৃদ্ধি পেয়েছে। ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং এর মাধ্যমে কর্ণফুলী চ্যানেলের ড্রাফট ৯.৫ মিটার হতে ১০ মিটারে উন্নীত করা হয়েছে। পায়রা বন্দরের ১ম টার্মিনালের ৬৫০ মিটার জেটি ও ৩.২৫ লক্ষ বর্গ মিটার ইয়ার্ডের নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক বিগত ৩ বছরে গোবরাকুড়া-কড়ইতলী, বিলোনিয়া, ধানুয়া-কামালপুর এবং শেওলা স্থলবন্দরের অপারেশনাল কার্যক্রম চালু করা হয়েছে। ২০টি নতুন নদী বন্দর ও লঞ্চঘাট স্থাপন করা হয়েছে। ১৯টি ঘাটে নতুন করে প্রয়োজন অনুসারে জেটি/সংযোগ রাস্তা/আরসিসি সিঁড়িসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণ করা হয়েছে। এছাড়াও ২৮৫৪২টি নৌযান সার্ভে, ৬০২৭টি নৌযান রেজিস্ট্রেশন, ৩৯৪৫টি মামলা মেরিন কোর্টে নিষ্পত্তি, ৩৮৬৭২ জনের কম্পিটেন্সি পরীক্ষা গ্রহণ, নাবিক হিসাবে ২৭১৯৫ জনের কর্মসংস্থান এবং ৬৮৪৮টি সিডিসি ইস্যু করা হয়েছে। এস্পিলিয়ারী কোর্সে ৮৬০৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ৬.১.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রযোজ্য নয় | | | | | | | | | | |

### ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.২ মোংলা বন্দর কর্তৃপক্ষ

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** ২০২১-২২ অর্থ বছরে ৮৮৬টি জাহাজ, ১১৩.৯২ লক্ষ মে.টন কার্গো, ৩২২৬৯ টিইইউজ কন্টেইনার, ২১৪৮৪ টি গাড়ি হ্যান্ডেল করা হয়েছে এবং ৩১৭ কোটি টাকা রাজস্ব আয় হয়েছে। ২টি পন্টুন সংগ্রহ এবং ৩টি জলযান মেরামত ও ইঞ্জিন প্রতিস্থাপন কাজ সম্পন্ন হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে ৮২৭টি জাহাজ, ৯৯.০৫ লক্ষ মে.টন কার্গো, ২৬৫৮৩ টিইইউজ কন্টেইনার, ১৩৫৭৬ টি গাড়ি হ্যান্ডেল করা হয়েছে এবং ৩০২ কোটি টাকা রাজস্ব আয় হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে ৮৪৬টি জাহাজ, ১০৮.৬৮ লক্ষ মে.টন কার্গো, ৩১০৪০ টিইইউজ কন্টেইনার, ১৫৩৪০ টি গাড়ি হ্যান্ডলিং এবং ৩৪৮ কোটি টাকা রাজস্ব আয় হয়েছে। উল্লিখিত অর্থ বছরে বিভিন্ন প্রকল্পের অধীন ২০.৮৫ লক্ষ ঘনমিটার ড্রেজিং, ১টি পন্টুন ডকিং ও রিফিট কাজ এবং ২টি জলযান ডকিং, মেরামত ও রিফিট কাজ সম্পন্ন করা হয়েছে। APP ম্যানেজমেন্ট সফটওয়্যার, স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার উন্নয়ন ও প্রবর্তন সম্পন্ন হয়েছে।

### ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. মোংলা বন্দর চ্যানেলে ক্যাপিটাল ও সংরক্ষণ ড্রেজিং | অপসারণকৃত পলি | ১ | লক্ষ ঘন মিটার | ৩০ | | ২০ | | ২০ | ৩০ | |
| ২. মোংলা বন্দরের জন্য সহায়ক জলযান সংগ্রহ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | ১ | % | ১৪ | | ৬ | | - | - | |
| ৩. মোংলা বন্দরের আপগ্রেডেশন এবং মোংলা বন্দরের সুবিধাদির সম্প্রসারণ ও আধুনিকায়ন | হ্যান্ডলিং এর পরিমাণ | ১ | টিইইউজ হাজার | ৩০ | | ৩১ | | ৩২.৫০ | ৩৩ | |
| | | | কার্গো (লক্ষ মেঃটন) | ৯৫ | | ১০০ | | ১০৫ | ১১০ | |
| ৪. মোংলা বন্দরের জন্য ১টি ট্রেলিং সাকশান হপার ড্রেজার, ২টি ২৮" কাটার সাকশান ড্রেজার সংগ্রহ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | ১ | সংখ্যা | - | | - | | - | ৩টি | |
| ৫. মোংলা বন্দরের জন্য ২টি মুরিং বোট সংগ্রহ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি | ১ | সংখ্যা | - | | - | | - | ২টি | |

### ৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৩ বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন:** বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক বিগত ৩ বছরে বেনাপোল, গোবরাকুড়া-কড়ইতলী, বিলোনিয়া, ধানুয়া কামালপুর, বাল্লা, রামগড় এবং শেওলা স্থলবন্দরে ২২৪৫৮.০০ বর্গমিটার ভবন, ২,৫০০.০০ বর্গমিটার ট্রান্সশিপমেন্ট শেড, ২,৪৩,০০০.০০ বর্গমিটার ইয়ার্ড, ২,১৫০.০০ বর্গমিটার ওয়্যার হাউজ,ওয়াচ টাওয়ার, টয়লেট কমপ্লেক্স, ড্রেনেজ সিস্টেম এবং ১০০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন ১২টি ওয়েব্রিজ স্কেল নির্মাণ করা হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. স্থলবন্দরের ভৌত অবকাঠামো উন্নয়ন, আধুনিকীকরণ ও ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধি | ভূমি অধিগ্রহণ | ১ | একর | ৯৫.৭৩ | | ৬৩.৯৭ | | ১০.০০ | ১০.০০ | |
| | নির্মিত ওয়্যারহাউজ/ ট্রান্সশিপমেন্ট শেড/ভবন | ১ | ব.মি. (হাজার) | ২৩.৮৮ | | ৩০.০০ | | ৩০.০০ | ৪১.৬৫ | |
| | নির্মিত ওপেন ইয়ার্ড | ১ | ব.মি. (হাজার) | ৭৯.৬৫ | | ১৫০.০০ | | ১৭০.০০ | ২০৫.৭৩ | |

### ৬.৩.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৪ নৌ পরিবহন অধিদপ্তর

**৬.৪.১ সাম্প্রতিক অর্জন:** নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক বিগত ০৩(তিন) বৎসরে নৌযান সার্ভে ২৮৫৪২ টি, নৌযান রেজিষ্ট্রেশন ৬০৫৪টি, মেরিন কোর্টে মামলা নিষ্পত্তির সংখ্যা ৩৯৪৫টি, কম্পিটেন্সি পরীক্ষা গ্রহণ করা হয়েছে ৩৮৬৭২ জনের, নাবিক হিসাবে কর্মসংস্থান করা হয়েছে ২৭১৯৫ জনের এবং সিডিসি ইস্যু করা হয়েছে ৬৮৪৮টি। নৌদুর্ঘটনা হ্রাস, পরিবেশ দূষণ রোধ ও নাবিক হিসাবে কর্মসংস্থান বৃদ্ধি হচ্ছে। সেবা সহজীকরণের জন্য বিভিন্ন ধরণের আবেদন ও পরীক্ষা অনলাইনে গ্রহণ এবং নিষ্পত্তি করা হচ্ছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. নৌযান পরিদর্শন ও নৌ আইনসমূহ প্রয়োগের মাধ্যমে নৌচলাচলে নিরাপত্তা নিশ্চিতকরণ | নৌযান পরিদর্শন | ২ | সংখ্যা | ৬৭০০ | | ৭০০০ | | ৭১০০ | ৭২০০ | |
| | নৌযান সার্ভে | | | ৯৫০০ | | ১০২০০ | | ১০৫০০ | ১০৬০০ | |
| | নৌযান রেজিস্ট্রেশন | | | ১৭৫০ | | ১৮৬০ | | ১৯০০ | ১৭০০ | |
| | মেরিন কোর্টে মামলা নিষ্পত্তি | | | ১০০০ | | ১১০০ | | ১২০০ | ১১৫০ | |
| ২. অভ্যন্তরীণ ও সমুদ্রগামী জাহাজের অফিসার ও নাবিকদের দক্ষতা উন্নয়ন ও সনদ প্রদান, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং এস.আই.ডি কার্যক্রম বাস্তবায়ন | কম্পিটেন্সি পরীক্ষা গ্রহণ | ২ | সংখ্যা | ১২০০০ | | ১২৬০০ | | ১২৭০০ | ১২৫০০ | |
| | কর্মসংস্থান | | | ৮৫০০ | | ৮৫০০ | | ৮৭০০ | ৯০০০ | |
| | ইস্যুকৃত সিডিসি | | | ১৬০০ | | ১৪৫০ | | ১৫০০ | ১৬০০ | |
| ৩. সমুদ্রগামী মেরিনারদের আন্তর্জাতিকমানের | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ২ | জন | ১৮০০ | | ১৯০০ | | ১৯৫০ | ২০০০ | |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| প্রশিক্ষণ প্রদান | | | | | | | | | | |

### ৬.৪.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৫ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)

**৬.৫.১ সাম্প্রতিক অর্জন:** বিআইডব্লিউটিএ বিগত ০৩ বছরে (২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪) ৫৩০.৮৩ কিঃ মিঃ ক্যাপিটাল ড্রেজিং ও ৬৮৩.০৮ লক্ষ ঘনমিটার সংরক্ষণ ড্রেজিং করেছে। এ সময়ে ৬টি এক্সিবিয়ান ও ডিমোলেশন এক্সাভেটর সংগ্রহ (৩৫ ড্রেজার প্রকল্প) করা হয়েছে। এছাড়া এ সময়ে ৭৩৯৪৬টি নৌসহায়ক সামগ্রী বিভিন্ন অভ্যন্তরীণ ও প্রটোকল নৌপথে স্থাপন করা হয়েছে। নতুন ২০টি নদী বন্দর ও লঞ্চঘাট স্থাপন করা হয়েছে। ঢাকার চারপাশের নদী তীরে অবৈধ স্থাপনারোধকল্পে ২০০২টি সীমানা পিলার, ২৭ কিঃমিঃ ওয়াকওয়ে, ৭টি জেটি, ২৬টি আরসিসি সিড়ি এবং ২টি ইকোপার্ক নির্মাণ করা হয়েছে। অপরদিকে, সারাদেশে বিভিন্ন নদী বন্দর, লঞ্চঘাট ও ল্যান্ডিং স্টেশনে পণ্য বোঝাই ও খালাস এবং যাত্রী ওঠানামার সুবিধাদি মেরামত ও সংস্কার করার পাশাপাশি ১৯টি ঘাটে নতুন করে প্রয়োজন অনুসারে জেটি/স্পার্ড/সংযোগ রাস্তা/আরসিসি সিড়িসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ/পুনর্নির্মাণ করা হয়েছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. অভ্যন্তরীণ নৌপথের নাব্যতা উন্নয়ন ও রক্ষার্থে ক্যাপিটাল ড্রেজিং ও সংরক্ষণ ড্রেজিং | ক্যাপিটাল ড্রেজিং এর মাধ্যমে অপসারণকৃত পলি | ৩ | কি.মি. | ৭০ | | ১০০ | | ১৫০ | ১৬০ | |
| | সংরক্ষণ ড্রেজিং এর মাধ্যমে অপসারণকৃত পলি) | | ল.ঘ.মি. | ২২০ | | ২৪০ | | ২৫০ | ২৬০ | |
| ২. নদীবন্দর ও ঘাটসমূহের উন্নয়ন | উন্নয়নকৃত নদীবন্দর ও ঘাট | ৩ | সংখ্যা | ৬ | | ৭ | | ৮ | ১০ | |
| ৩. অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌপথসমূহের হাইড্রোগ্রাফিক জরিপ কার্যক্রম সম্পাদন | জরিপকৃত অভ্যন্তরীণ নৌপথ | ৩ | কি.মি. | ২৬০০ | | ২৬৫০ | | ২৭০০ | ২৮০০ | |
| | জরিপকৃত উপকূলীয় নৌপথ | | বর্গ কি.মি | ৭৫০ | | ৭৫০ | | ৮০০ | ৮০০ | |
| ৪. ড্রেজার ও ড্রেজার সংশ্লিষ্ট আনুষঙ্গিক জলযান ও সংগ্রহ | সংগৃহীত ড্রেজার | ৩ | সংখ্যা | ৪ | | ৭ | | ১০ | - | |
| | সংগৃহীত আনুষঙ্গিক জলযান | | সংখ্যা | ১১ | | ১৫ | | ৯ | ৪০ | |
| ৫. অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী নৌযানের ডেক ও ইঞ্জিন কর্মীর দক্ষতা উন্নয়ন | প্রশিক্ষণপ্রাপ্ত ডেক ও ইঞ্জিন কর্মী | ৩ | সংখ্যা | ২৫০০ | | ২৮০০ | | ৩০০০ | ৩১০০ | |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৬. অভ্যন্তরীণ নৌপথে নৌসহায়ক সামগ্রী যেমন মার্কা, বয়া, বাতি, পিসি পোল ইত্যাদি স্থাপন | স্থাপিত নৌ-সহায়ক সামগ্রী | ৩ | সংখ্যা | ২৫০০০ | | ২৬০০০ | | ২৭০০০ | ২৭৫০০ | |
| ৭. ঢাকার চারপাশের ৪টি নদীতে ওয়াকওয়ে, পিলার, জেটি ও ইকোপার্ক নির্মাণ | নির্মিত ওয়াকওয়ে | ৩ | কিঃমি | ১২ | | ৭.৫ | | - | | |
| | নির্মিত আরসিসি সিড়ি | | সংখ্যা | ৪৮ | | ৭৯ | | - | - | |
| ৮. চিলমারী এলকায় (রমনা, জোড়গাছ, রাজিবপুর, রৌমারী, নয়ারহাট) নদী বন্দর নির্মাণ | অর্জিত ভৌত অগ্রগতি ক্রমপুঞ্জিভুত | ৩ | % | ২৫ | | ৬০ | | ১০০ | - | |
| ৯. নারায়ণগঞ্জের খানপুরে অভ্যন্তরীণ কন্টেইনার এবং বাল্ক টার্মিনাল নির্মাণ | অর্জিত ভৌত অগ্রগতি (ক্রমপুঞ্জিভুত) | ৩ | % | ১০ | | ৩০ | | ৭০ | ১০০ | |
| ১০. অবৈধ দখল রোধে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা | পরিচালিত উদ্ধার কার্যক্রম | ৩ | দিন | ৪২ | | ৪৫ | | ৪৭ | ৫০ | |
| ১১. চট্টগ্রামের মিরসরাই ও সন্দ্বীপ, কক্সবাজারের সোনাদিয়া দ্বীপ ও টেকনাফ (সাবরাং ও জালিয়ার দ্বীপ) অংশের জেটিসহ আনুষাঙ্গিক স্থাপনাদি নির্মাণ | অর্জিত ভৌত অগ্রগতি (ক্রমপুঞ্জিভুত) | ৩ | - | ১৫ | | ৫০ | | ৮০ | ১০০ | |
| ১২. নৌ-প্রটোকল রুটে মালবাহী জাহাজ চলাচলে ভয়েজ অনুমতি প্রদান ও অভ্যন্তরীণ নৌপথে চলাচলকারী যাত্রীবাহী নৌযানের রুট পারমিট প্রদান | প্রদত্ত ভয়েজ অনুমতি | ৩ | দিন | ১ | | ১ | | ১ | ১ | |
| | প্রদত্ত রুট পারমিট | ৩ | সংখ্যা | ৮০০ | | ৮৫০ | | ৯০০ | ৯৫০ | |
| ১৩. বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নাধীন BRWTP-১ প্রকল্পের আওতায় ২টি মাল্টিপারপাস ইন্সপেকশন ভেসেল সংগ্রহ,২টি কার্গো টার্মিনাল নির্মাণ, ৩টি প্যাসেঞ্জার টার্মিনাল আধুনিকায়ন ও ৪টি লঞ্চঘাট আধুনিকায়ন | ১টি মাল্টিপারপাস ইন্সপেকশন ভেসেল নির্মাণের অর্জিত ভৌত অগ্রগতি , (ক্রমপুঞ্জিভুত) | ৩ | % | ১০০ | | - | | - | - | |
| | ২টি কার্গো টার্মিনাল নির্মাণের অর্জিত ভৌত অগ্রগতি (ক্রমপুঞ্জিভুত) | ৩ | % | ৫০ | | ৮০ | | ১০০ | | |
| | ৪টি লঞ্চঘাট আধুনিকায়ন কাজের অর্জিত ভৌত অগ্রগতি (ক্রমপুঞ্জিভুত) | ৩ | % | ৫০ | | ১০০ | | - | - | |
| | চাঁদপুর জেলায় একটি আধুনিক নদী (প্যাসেঞ্জার | ৩ | % | ৫০ | | ৮০ | | ১০০ | - | |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | টার্মিনাল) বন্দর নির্মাণের অর্জিত ভৌত অগ্রগতি (ক্রমপুঞ্জিভূত) | | | | | | | | | |
| | ২টি প্যাসেঞ্জার টার্মিনাল আধুনিকায়ন কাজের অর্জিত ভৌত অগ্রগতি (ক্রমপুঞ্জিভূত) | ৩ | % | ৬০ | | ৯০ | | ১০০ | - | |

### ৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৬ বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্পোরেশন (বিআইডব্লিউটিসি)

**৬.৬.১ সাম্প্রতিক অর্জন:** গত ১৪ নভেম্বর, ২০২৪ তারিখে বিআইডব্লিউটিসি'র ৬ টি ইমপ্রুভড মিডিয়াম ফেরি উদ্বোধন করা হয়েছে। রৌমারী-চিলমারী নৌরুটে ফেরি সার্ভিস চালু করা হয়েছে। সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন ধাওয়াপাড়া (রাজবাড়ি)–নাজিরগঞ্জ (পাবনা) ফেরি রুটটি সংস্থার আওতায় এনে চালু করা হয়েছে। নিজস্ব অর্থায়নে নির্মিত দুটি শ্যালো ড্রাফট অয়েল ট্যাংকার (ও.টি সাম্য এবং ও.টি মৈত্রী) পাটুরিয়া-দৌলতদিয়া রুটে চলাচলরত জলযানগুলোতে (ফেরি) জ্বালানি তেল সরবরাহের জন্য ইতোমধ্যে নিয়োজিত করা হয়েছে। চাঁদপুর-শরীয়তপুর ফেরি রুটের উভয় প্রান্তে ওয়েব্রীজ স্কেল পুনর্নির্মাণ করা হয়েছে। বিআইডব্লিউটিসি'র সেবা আরও বেশি স্বচ্ছ ও স্মার্ট করার লক্ষ্যে আইসিটি সেল গঠন করা হয়েছে। সংস্থার টিকেটিং সিস্টেমকে ডিজিটালাইজড করার লক্ষ্যে ই-টিকেটিং সেবা চালু করার জন্য টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। সংস্থার নিজস্ব তত্ত্বাবধানে আইসিটি সেল কর্তৃক ইতোমধ্যে BIWTC Central Store Digitalization Software বাস্তবায়িত হয়েছে।

### ৬.৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. নৌযান নির্মাণ ও পুনর্বাসন | ফেরির সংখ্যা বৃদ্ধি মোট ফেরি | ৩ | ৬ | | - | | - | - | - | |
| | ফেরীর মাধ্যমে যানবাহন পারাপারের সংখ্যা বৃদ্ধি | | ১৯.৫২ | | - | | ২১.০০ | ২১.৫০ | - | |
| | নৌপথে জ্বালানী পরিবহনের জন্য ২০০০ মে.টন ধারণ ক্ষমতা সম্পন্ন ২টি অয়েল ট্যাংকার নির্মাণ | ৩ | ২<br>২ | | | | - | - | | |
| | জরুরী উদ্ধার কার্যক্রম পরিচালনার জন্য ২টি | | | | | | - | | | |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | ফায়ার-ফাইটিং-কাম স্যালভেজ টাগ নির্মাণ | | | | | | | | | |
| | ১টি ইন্সপেকশন বোট নির্মাণ/ সংগ্রহ | ৩ | ১ | | | | - | - | | |
| | ভাসমান ডক পুর্নবাসন | ৩ | ১ | | | | - | - | | |
| ২. নৌপথে যাত্রীবাহী নৌযান চলাচল ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকায়ন | অভ্যন্তরীণ যাত্রীবাহী জাহাজ ও উপকূলীয় যাত্রীবাহী জাহাজ নির্মাণ | ৩ | - | | - | | ৯ | - | - | |
| | নৌ পথে যাত্রি পরিবহন (যাত্রিবাহি জাহাজ) | ৩ | ৩.২৬ | | ৪.২ | | ৪.৫ | ৪.৭ | - | |
| ৩. অভ্যন্তরীণ ও উপকূলীয় এলাকায় নতুন ফেরি ও যাত্রীবাহী নৌযান সার্ভিস চালুর পদক্ষেপ গ্রহণ | ৮টি সি-ট্রাক নির্মাণ | ৩ | ৪ | | ৪ | | ৪ | - | | |
| ৪. যাত্রিবাহি নৌযানগুলো পর্যটন খাতে ব্যবহার | ৩টি ক্রুজ ভেসেল নির্মাণ | ৩ | ২ | | ১ | | ২ | | | |
| ৫. নৌ যানসমূহ মেরামতের সক্ষমতা বৃদ্ধি | বিআইডব্লিউটিসি'র ডক নং-১ ও ২ এর জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন স্লিপওয়ে নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন | ৩ | অর্জন (নতুন ২টি স্লিপওয়ে নির্মাণ | | - | | - | - | | |
| ৬. স্থাবর সম্পত্তির উন্নয়ন | বিআইডব্লিউটিসি'র প্রধান কার্যালয় ভবন নির্মাণ | ৩ | ১ টি প্রকল্প গ্রহণ | | ১ টি প্রকল্প গ্রহণ | | - | - | | |
| | চট্টগ্রামস্থ টার্মিনাল ১ ও ২ এ জেটি নির্মাণসহ অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন | ৩ | (নির্মিত জেটি) (একনেক অনুমোদন এর জন্য অপেক্ষমান | | নির্মিত জেটি) (একনেক অনুমোদন এর জন্য অপেক্ষমান | | - | অর্জন (নির্মিত জেটি) | | |
| ৭. নৌপথে কার্গো ও কন্টেইনার পরিবহন | পরিবাহিত কন্টেইনারের সংখ্যা বৃদ্ধি | ৩ | ১১২০০ | | ১১০০০ | | ১১৪০০ | ১১৬০০ | ১১৮০০ | |
| ৮. সেবা প্রদান ব্যবস্থাপনার উন্নয়ন | পর্যায়ক্রমে সকল ফেরি ঘাটে অটোমেশন ও ই-টিকেটিং সিস্টেম পদ্ধতি প্রবর্তন | ৩ | অর্জন | | | | - | - | | |
| | বিভিন্ন ফেরি ঘাটে ব্যবহারের জন্য পর্যায়ক্রমে ওয়েব্রিজ স্কেল ও রেকার ক্রয় | ৩ | ওয়েব্রিজ স্কেল ১ | | ওয়েব্রিজ স্কেল ১ | | রেকার- ২ ওয়েব্রিজ স্কেল- ২ | ওয়েব্রিজ স্কেল ২ | | |
| ৯. প্রশিক্ষণ প্রদান | সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন | ৩ | ১ | | ১ | | ১ | ১ | ১ | |

** ফেরির মাধ্যমে যানবাহন পারাপারের সংখ্যা বৃদ্ধি: ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী দেখানো হয়েছে।

### ৬.৬.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৭ পায়রা বন্দর কর্তৃপক্ষ

**৬.৭.১ সাম্প্রতিক অর্জন:** পায়রা বন্দরের অপারেশনাল কার্যক্রম পরিচালনার জন্য ২টি সার্ভিস জেটি নির্মাণ, ১০টি আধুনিক জলযান ক্রয় সহ কাস্টমস ও শিপিং সুবিধাদির ব্যবস্থা করা হয়েছে। রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং সমাপ্তির পর বন্দর চ্যানেলে ৪০-৪৫ হাজার মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন জাহাজ চলাচল করতে সক্ষম হয়েছে। এছাড়াও বন্দরের নির্মিতব্য ১ম টার্মিনালের ৬৫০ মিটার জেটি ও ৩.২৫ লক্ষ বর্গ মিটার ইয়ার্ডের নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পাশাপাশি, পায়রা বন্দরের ইনার এ্যাংকরেজে ট্রান্সশিপমেন্ট এরিয়া তৈরি করা হয়েছে, সেখানে ১৫ টির মতো বিদেশগামী জাহাজ এ্যাংকরেজে অবস্থান করতে পারে। গত ডিসেম্বর ২০২৪ পর্যন্ত মোট ৩৩০৪ টি দেশীয় ও বিদেশী আন্তর্জাতিক জাহাজ নিরাপদে হ্যান্ডলিং করা সম্ভব হয়েছে। যা বন্দরের আগামীর সম্ভাবনাকে উজ্জ্বল করেছে। উক্ত জাহাজ হ্যান্ডলিং এর ফলে বাংলাদেশ সরকারের কোষাগারে প্রায় ১৭৩২.৫১ কোটি টাকা রাজস্ব আদায় করা হয়েছে।

### ৬.৭.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. পূর্ণাঙ্গ বন্দর হিসেবে কার্যক্রম চালুকরণ | আনুষাঙ্গিক সুবিধাদিসহ টার্মিনাল নির্মাণ | ১ | তারিখ | - | | - | | - | - | |
| ২. কর্মকর্তা/কর্মচারীদের আবাসন ও অন্যান্য সুবিধা নিশ্চিতকরণ | আবাসন, চিকিৎসা ও অন্যান্য সেবা প্রদান | ১ | শতাংশ | - | | ২০ | | ৪০ | ৪০ | |
| ৩. বন্দরের সক্ষমতা বৃদ্ধি | বন্দরের কার্গো হ্যান্ডলিং বৃদ্ধি | ১ | লক্ষ. মে.টন | ৪০ | | ৫০ | | ৬০ | ৭০ | |
| ৪. চ্যানেলের নাব্যতা বজায় রাখা | ড্রেজিং কার্যক্রম | ১ | মিটার | ১০.৫ | | ১০.৫ | | ১০.৫ | ১০.৫ | |

### ৬.৭.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৮ জাতীয় নদী রক্ষা কমিশন

**৬.৮.১ সাম্প্রতিক অর্জন:** জাতীয় নদী রক্ষা কমিশন কর্তৃক দেশের নদ-নদীর অবৈধ দখল, দূষণ রোধ এবং নাব্যতা রক্ষায় সরকারকে সুপারিশ সম্বলিত বার্ষিক প্রতিবেদন ২০২২ প্রকাশ করা হয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয় ও নৌপরিবহন মন্ত্রণালয়ের উদ্যোগে এবং জাতীয় নদী রক্ষা কমিশনের সার্বিক সহযোগিতায় বিভাগীয় কমিশনারগণের মাধ্যমে ৬৪টি জেলায় জেলা প্রশাসক হতে প্রাপ্ত নদ-নদীর তালিকা সংগ্রহ অধিকতর যাচাই ও ত্রুটি সংশোধনের পরে ১১৫৬টি নদ-নদীর সংখ্যা সমন্বিত আকারে প্রস্তুত করা হয়। এছাড়া দেশের ৪৮টি নদীর তথ্যভিত্তিক অনলাইন ডাটাবেজ ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে।

### ৬.৮.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা:

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. নদী দখল ও দূষণ রোধে পরিদর্শন ও পরিবীক্ষণ | পরিদর্শন ও পরিবীক্ষণ | ৩ | সংখ্যা | ২৪ | | ৩০ | | ৩৬ | ৪০ | |
| ২. নদী দখল ও দূষণ রোধে বিভাগীয়, জেলা ও উপজেলা নদী রক্ষা কমিটির সমন্বয়ে জনসচেতনতা সৃষ্টি | র‍্যালি ও জনসমাবেশ | | সংখ্যা | ১০ | | ১৭ | | ২৪ | ২৬ | |

### ৬.৮.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.৯ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**৬.৯.১ সাম্প্রতিক অর্জন:** চট্টগ্রাম বন্দরে বিগত ২০২১-২২, ২০২২-২৩, ২০২৩-২৪ অর্থবছরে কার্গো হ্যান্ডলিং যথাক্রমে ৩.৯১%, ০.১০%, এবং ৪.১৮% এবং ২০২১-২২, ২০২২-২৩ অর্থবছরের জাহাজ হ্যান্ডলিং যথাক্রমে ৪.১৬%, ০.৫২% হারে বৃদ্ধি পেয়েছে। ২০২১-২২ অর্থবছরে ৪,২৩১টি এবং ২০২২-২৩ অর্থবছরে ৪২৫৩টি, ২০২৩-২৪ অর্থবছরে ৩৯৭১টি জাহাজ আগমন করে। উক্ত জাহাজ সমূহের মাধ্যমে বিগত ২০২১-২২, ২০২২-২৩, এবং ২০২৩-২৪ অর্থবছরে যথাক্রমে ৩২,৫৫,৩৫৮ TEUs, ৩,০০৭,৩৭৫ TEUs কন্টেইনার এবং ৩১৬৮৬৯০ TEUs কন্টেইনার, ১১,৮১,৭৪,১৬০ মে.টন, ১১৮,২৯৭,৬৪৩ মে.টন, এবং ১২৩২৪২৭৪৮ মে.টন কার্গো হ্যান্ডলিং করা হয়েছে। ক্যাপিটাল ও মেইনটেনেন্স ড্রেজিং এর মাধ্যমে কর্ণফুলী চ্যানেলের ড্রাফট ৯.৫ মিটার হতে ১০ মিটারে উন্নীত করা হয়েছে। চ্যানেলের যথাযথ নাব্যতা সংরক্ষেণের জন্য নিয়মিত সংরক্ষণ ড্রেজিং কাজ চলমান রয়েছে। গত কয়েক বছরে চট্টগ্রাম বন্দরে ১৩৫ টি কার্গো ও কন্টেইনার হ্যান্ডলিং যন্ত্রপাতি ক্রয় করেছে। বন্দরের ইয়ার্ডে কন্টেইনার ধারন ক্ষমতা ৪৯ হাজার টিউস থেকে বর্ধিত করে প্রায় ৫৮ হাজার টিইউস করা হয়েছে।

### ৬.৯.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. কর্ণফুলী নদীর চ্যানেলে সংরক্ষণ ড্রেজিং এর মাধ্যমে জেটিতে অধিক ড্রাফট ও দৈর্ঘ্যের জাহাজ ভিড়ান | ড্রেজিংয়ের পরিমাণ | ১ | লক্ষ ঘন মিটার | ১৫.০০ | | ১৫.০০ | | ১৬.০০ | ১৬.০০ | |
| ২. বন্দরের কন্টেইনার ধারণক্ষমতা ও হ্যান্ডলিং বৃদ্ধি | কন্টেইনার জাহাজের গড় অবস্থানকাল | ১ | দিন | ২.৮০ | | ২.৭৫ | | ২.৭০ | ২.৭০ | |
| | কার্গো হ্যান্ডলিং | ১ | মিলিয়ন মে.টন | ১০৭.০০ | | ১০৮.০০ | | ১১০.০০ | ১১২.০০ | |
| | কন্টেইনার | ১ | TEUs | ৩.১০ | | ৩.২০ | | ৩.৩০ | ৩.৫০ | |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | হ্যান্ডলিং | | (মিলিয়ন) | | | | | | | |
| | জাহাজ হ্যান্ডলিং | ১ | সংখ্যা | ৩৭০০ | | ৩৭২৫ | | ৩৭৫০ | ৩৭৭৫ | |
| ৩. চট্টগ্রাম বন্দরের বিভিন্ন ইয়ার্ড এবং টার্মিনালের জন্য ১০৪ টি ইক্যুইপমেন্ট সংগ্রহ | সম্পাদিত চুক্তি | ১ | তারিখ | ৩০-০৬-২০২৫ | | - | | - | | |
| ৪. বিশ্ব ব্যাংকের অর্থায়নে বে-টার্মিনালের Breakwater Navigational and Access Channel ড্রেজিং এর Detail Design প্রণয়ন | প্রতিবেদন দাখিলকৃত | ১ | তারিখ | ৩০-০৬-২০২৫ | | - | | - | - | |
| ৫. পশ্চাদ সুবিধাসহ হেভি লিফট কার্গো জেটি নির্মাণ | চুক্তি স্বাক্ষর | ১ | তারিখ | ৩০-০৬-২০২৫ | | - | | - | - | |
| ৬. মাতারবাড়ী সমুদ্র বন্দর স্থাপন (চবক অংশ) | ০৩টি প্যাকেজের দরপত্র আহবান | ১ | - | ০২টি প্যাকেজ এবং ২৪ এর চুক্তি সম্পাদন ও ডিপিপি সংশোধন | | জেটি নির্মাণ, কন্টেইনার ইয়ার্ড নির্মাণ এবং অফিস বিল্ডিং নির্মাণ ২০ | | জেটি নির্মাণ, কন্টেইনার ইয়ার্ড নির্মাণ এবং অফিস বিল্ডিং নির্মাণ ৩০% | জেটি নির্মাণ, কন্টেইনার ইয়ার্ড নির্মাণ এবং অফিস বিল্ডিং নির্মাণ ৪০ | |

### ৬.৯.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন:

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

### ৬.১০ নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর

**৬.১০.১ সাম্প্রতিক অর্জন**: নাবিক কল্যাণ কাজে স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধিকল্পে নাবিক সন্তানদেরকে শিক্ষাবৃত্তি প্রদান কার্যক্রম এবং দুস্থ, অসুস্থ, অবসর প্রাপ্ত এবং মৃত নাবিকের পরিবারের সদস্যদের আর্থিক সহায়তা প্রদান কার্যক্রম অনলাইন (ডিজিটাল) করা হয়েছে।

### ৬.১০.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. নাবিকদের কল্যাণে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন | হোস্টেলে সাময়িক আবাসন সুবিধা বৃদ্ধি | ২ | সংখ্যা | ৫৭০০ | | ৬০০০ | | ৬০০০ | ৬০০০ | |
| | চিকিৎসা প্রাপ্ত নাবিক | | সংখ্যা | ২৬০০ | | ২৭০০ | | ২৮০০ | ২৮০০ | |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | বিনোদনের সুবিধা বৃদ্ধি | | সংখ্যা | ১২০০ | | ১৩০০ | | ১৪০০ | ১৪০০ | |
| | ফ্রি ট্রান্সপোর্ট ট্রিপ | | সংখ্যা | ৯০০ | | ১২০০ | | ১৩০০ | ১৩০০ | |
| | প্রদত্ত আর্থিক সহায়তা প্রাপ্ত নাবিক | | সংখ্যা | ৩০ | | ৩০ | | ৩০ | ৩০ | |
| | শিক্ষা বৃত্তি প্রাপ্ত সন্তান | | সংখ্যা | ৭০ | | ৭২ | | ৭৫ | ৭৫ | |

### ৬.১০.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.১১ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)

**৬.১১.১ সাম্প্রতিক অর্জন:** চীনে নির্মিত বিএসসি'র ৫টি জাহাজ (২টি নতুন বাল্ক ক্যারিয়ার এবং ৩টি নতুন প্রোডাক্ট অয়েল ট্যাংকার) ক্রয় প্রকল্প বাস্তাবায়নপূর্বক বাণিজ্যিক কার্যক্রমে নিয়োজিত রয়েছে। বিএসসি'র শোর ব্যবস্থাপনায় ২০২১ সালে ০১ জন কর্মকর্তা, ২০২২ সালে ৩৪ জন কর্মচারী এবং ২০২৩ সালে ১৩ জন কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে। ওয়ার্ল্ড মেরিটাইম ইউনিভার্সিটি, মালমো হতে এ পর্যন্ত ১৫ জন কর্মকর্তা মেরিটাইম এ্যাফেয়ার্স বিষয়ে উচ্চতর প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। ২০২২, ২০২৩ এবং ২০২৪ সালে মেরিন একাডেমির যথাক্রমে ৪৫,৩৩ এবং ৩৪ জন ক্যাডেটকে ১ বছর মেয়াদী Sea Time Training প্রদান করা হয়েছে। বিএসসি'র বিভিন্ন জাহাজে ইতোমধ্যে ৭৭ জন মহিলা ক্যাডেটকে Sea Time Training প্রদান করা হয়েছে। সংস্থায় কর্মরত মহিলা কর্মকর্তা/কর্মচারীদের জন্য ডে-কেয়ার সেন্টার (ব্রেস্টফিডিং কর্ণারসহ) স্থাপন, কর্মকর্তা/কর্মচারীদের জন্য জিমনেশিয়াম এবং নিজস্ব জব পোর্টাল চালু করা হয়েছে।

### ৬.১১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. পণ্য পরিবহণে সক্ষমতা বৃদ্ধি | পরিবহনকৃত ক্রুড অয়েল | ২ | লক্ষ মেট্রিক টন | ১২.০০ | | ১২.০০ | | ১২.০০ | ১২.০০ | |
| | বিএডিসি'র পরিবহনকৃত সার | ২ | লক্ষ মেট্রিক টন | ৬.২৫ | | ৬.২৫ | | ৬.৫০ | ৬.৫০ | |
| | বিসিআইসি'র পরিবহনকৃত সার | ২ | লক্ষ মেট্রিক টন | ৭.২৫ | | ৭.৫০ | | ৮.০০ | ৮.০০ | |
| | পরিবহনকৃত বাল্ক পণ্য | ২ | লক্ষ মেট্রিক টন | ৪.৬০ | | ৫.০০ | | ৫.২৫ | ৫.২৫ | |
| | পরিবহনকৃত রিফাইন্ড | ২ | লক্ষ মেট্রিক টন | ৫.৮০ | | ৬.০০ | | ৬.২৫ | ৬.২৫ | |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | প্রোডাক্ট | | | | | | | | | |
| | বিএসসি'র আয় | ২ | কোটি টাকা | ৪২০.০০ | | ৪৩০.০০ | | ৪৫০.০০ | ৪৫০.০০ | |

### ৬.১১.৩ অপারেশন ইউনিট,কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

## ৬.১২ ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট

**৬.১২.১ সাম্প্রতিক অর্জন:** ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রামে নিয়মিত ও এক্সিলিয়ারী কোর্সে বিগত ৩ বছরে ৮৬০৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ৬.১২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. আন্তর্জাতিক নৌসংস্থা STCW-১৯৭৮ এবং সংশোধিত কনভেনশনের আলোকে প্রি-সী এবং পোষ্ট সী প্রশিক্ষণার্থীদের আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রদান | প্রি-সী ট্রেনিং (নিয়মিত) | ২ | জন | ৪৯০ | | ৩০০ | | ৪০০ | ৫০০ | |
| ২. প্রশিক্ষণ এর সামগ্রিক মান উন্নয়ন করা | পোস্ট-সী ট্রেনিং (এনসিলারী) | | জন নাবিক ও অফিসার (হাজার) | ২.০০ | | ২.২০ | | ২.২৫ | ২.৩০ | |

### ৬.১২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

০৯.০৮.২০২৬
ছন্দা পাল
সিনিয়র সহকারী সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার